



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৮ জুন, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৮ জুন, ২০১৯ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ সমাজকর্ম বিভাগে সকাল ১০.৩০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের সাবেক ডিন প্রফেসর ড. মো আব্দুল গনির বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমদ।

প্রধান অতিথি হিসেবে বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালনার জন্য ডিনদের কার্যক্রম খুব গুরুত্বপূর্ণ। একজন যোগ্য মানুষ হিসেবে প্রফেসর ড. মো. আব্দুল গনি উনার উপর অর্পিত দায়িত্ব সুচারুরূপে পালন করেছেন। আমি উনার সুস্থ ও সুন্দর জীবন কামনা করছি।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রফেসর ড. আ ক ম মাহবুবুজ্জামান এবং বিদায়ী বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান অনুষদের সাবেক ডিন প্রফেসর ড. মো আব্দুল গনি ।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন স্কুল অব এপ্লাইড সাইয়েন্সেস এন্ড টেকনোলজির ডিন প্রফেসর ড. আবুল মুকিত মোহাম্মদ মোকাদ্দেস, স্কুল অব এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেস- এর ডিন প্রফেসর ড. মোহাম্মদ বেলাল উদ্দিন, স্কুল অব ম্যানেজমেন্ট এন্ড বিজনেস এডমিনিস্ট্রেশানের ডিন প্রফেসর ড. মনিরুল ইসলামসহ বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান ও শিক্ষকগণ।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো. ফয়সাল আহম্মদ এবং সঞ্চালনা করেন সমাজকর্ম বিভাগের সহকারী অধ্যাপক প্রিয়াঙ্কা ভট্টাচার্য।

রেজিস্ট্রার